

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১১৬-আইন/২০২৩/১৬০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ৩ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ মোতাবেক ২০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১২৮-আইন/২০২০/৭৯/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (১) শর্ত (২) এ উল্লিখিত “(বাফিটা)” বন্ধনী ও শব্দটির পর “অথবা Shrimp Hatchery Association of Bangladesh (SHAB)” শব্দগুলি ও বন্ধনী সংযোজিত হইবে;
- (২) শর্ত (৪) এ উল্লিখিত “পণ্য পশুখাদ্যে অথবা পোল্ট্রি অথবা মৎস্য খাদ্যে অথবা মৎস্য চাষে ব্যবহার করা হইবে” শব্দগুলির পরিবর্তে “পণ্য পশুখাদ্যে অথবা পোল্ট্রি অথবা মৎস্য খাদ্যে অথবা মৎস্য চাষে অথবা চিংড়ি হ্যাচারিতে অথবা চিংড়ি খাদ্যে ব্যবহার করা হইবে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৩) শর্ত (৭) এর পরিবর্তে নিম্নবর্ণিত শর্ত (৭) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(৭) দফা (২) এ উল্লিখিত মৎস্য অধিদপ্তর সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক আমদানিকৃত মৎস্য খাদ্য বা চিংড়ি খাদ্য বা চিংড়ি চাষের উপকরণ বা মৎস্য চাষের উপকরণ সংশ্লিষ্ট খামার বা হ্যাচারি বা প্রতিষ্ঠান কর্তৃক সঠিকভাবে ব্যবহৃত হইয়াছে কিনা এবং আমদানিকৃত উপকরণের সমন্বয়ে উৎপাদিত মৎস্য খাদ্য বা চিংড়ি খাদ্য সংশ্লিষ্ট মৎস্য বা চিংড়ি খামার অথবা মৎস্য বা চিংড়ি হ্যাচারি এর নিকট সরবরাহ করা হইয়াছে কিনা তাহা মৎস্য সম্পদ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট ভ্যাট কমিশনার মনিটর করিবে;”;

(8) TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading -

(ক) 05.11 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code 0511.99.90 এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত Description “Artemia for use in fisheries” এর পরিবর্তে “Artemia” প্রতিস্থাপিত হইবে;

(খ) 12.12 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ডিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত Heading এবং এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“12.12 1212.29.19 Sea weeds & other algae for use in dairy & poultry & hatchery”; এবং

(গ) 23.09 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code 2309.90.90 এবং তদবিপরীতে কলাম (3) এ উল্লিখিত Description “Poultry/Dairy/Fish Feed/Food supplement/additives” এন্ডিসমূহের পর নিম্নরূপ H.S. Code এবং এন্ডিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“2309.90.90 Shrimp feed”।

২। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।